Literacy for a Billion

Movie: Shudhu Tumi
Year: 2004

Song: Gungungun Gunjore
Lyricist:

গুণগুণ গুণ গুঞ্জরে
অন্তরে ভোমরা
সুরসুর সুর সাতসুরে
গান ধরে
দূরদূর দূর সুন্দরে
প্রান্তরে আমরা
ঝুমঝুম ঝুম সন্দেশে
কাঁদছি রে
জানিনা জানিনা মন
কেন পাগল
বুঝিনা কেন যে মন
চাম্প কি যারে
গুণগুণ গুণ গুঞ্জরে
অন্তরে ভোমরা
সুরসুর সুর সাতসুরে
গান ধরে
বুঝি বুঝি বুঝিনা রে
কে জানে কখন
চুপি চুপি চুপিসারে
আসে রে যৌবন
রঙে রঙে রাঙা হলো
সাদা কালো মন
ভালোবাসা ভালোবাসা
বাতাসে এখন
সোনালি সোনালি
মিঠিমিঠি রোদ
ফুলে ফুলে ওড়ে প্রজাপতি
রঙ্গিলা রঙ্গিলা
এ মন পেতে চায়
মিষ্টি ফুলের মত
একজন পাখি
পাখা মেলে উড়ে যেতে
চায় সে দূরে
আছে যেখানে ফুটে
সাথী তারম্প
গুণগুণ গুণ গুঞ্জরে
অন্তরে ভোমরা
সুরসুর সুর সাতসুরে
গান ধরে
ঝিরিঝিরি ছোঁয়া লাগে
বুকে শিহরণ
জেগে জেগে ঘুমে দেখি
মধুর এ স্বপন
ডেকে ডেকে বলে গেছে
পাখির কূজন
জানি কাছে জেগে আছে
আমার সুজন
মহুয়া মহুয়া
এলোমেলো পথ
মনে মনে আজ

কী যে নেশা
আকাশে আকাশে
চিঠি চিঠি মেঘ
তাতে লেখা আছে ভালোবাসা
যারে যা না উড়ে
সেম্প মধুপুরে
আছে ঠিকানা লেখা
খামের পরে
গুণগুণ গুণ গুঞ্জরে
অন্তরে ভোমরা
সুরসুর সুর সাতসুরে
গান ধরে

Disclaimer: PlanetRead does not own these lyrics and is not using them for any commercial purpose. For over 20 years, PlanetRead has been subtitling Bollywood songs for mass literacy. These lyrics are being offered as part of PlanetRead's literacy development initiative.

PlanetRead is a tax-exempt, not-for-profit: 501(c) (3) in the United States and 80(G) in India.